প্রথম আলো

তারিখ ... JUN. 0 2, 2006 ...
পৃষ্ঠা ২০ কলাম ২...



*প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী গতকাল শরবত পান করিয়ে অনশন ভাঙানোর পর বেসরকারি প্রাথমিক শিক্ষকরা চাকরি জাতীয়করণে সুস্পষ্ট ঘোষণার দাবিতে বিক্ষোভ দেখান*
*—প্রথম আলো*

# এক সপ্তাহের মধ্যে দাবি পূরণের আশ্বাস, শিক্ষক অনশন স্থগিত

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী আগামী এক সপ্তাহের মধ্যে সরকারের আর্থিক সামর্থ্য অনুযায়ী দাবি মেনে নেওয়ার আশ্বাস দেওয়ায় বেসরকারি প্রাথমিক শিক্ষকরা আমরণ অনশন কর্মসূচি স্থগিত করেছেন। এর আগে হারিছ চৌধুরী মুক্তাঙ্গনে শরবত পান করিয়ে শিক্ষকদের অনশন ভাঙান।

গতকাল বৃহস্পতিবার রাতে ২৩ সদস্যের প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে রাজনৈতিক সচিবের সঙ্গে আলোচনা করে। গত ২৮ ফেব্রুয়ারি থেকে বেসরকারি প্রাথমিক শিক্ষকরা অনশন কর্মসূচি পালন করে আসছিলেন।

বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির নেতারা রাজনৈতিক সচিবের আশ্বাসের পরিপ্রেক্ষিতে অনশন কর্মসূচি স্থগিত করলেও সাধারণ শিক্ষকরা ক্ষোভ প্রকাশ করেছেন। তারা বলছেন, চাকরি জাতীয়করণের দাবিতে আন্দোলন দানা বেঁধে উঠলেও কোনো সুস্পষ্ট ঘোষণা ছাড়াই কৌশলে তা বন্ধ করা হলো। এর আগে বেসরকারি শিক্ষকদের অপর সংগঠন আমরণ অনশন শুরু করলে প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব ১৫ দিনের মধ্যে দাবি পূরণের আশ্বাস দিয়েছিলেন।

মনোহরদীর শিক্ষক আনোয়ার হোসেন ক্ষোভ প্রকাশ

এরপর পৃষ্ঠা ১৯ কলাম ১

## এক সপ্তাহের মধ্যে দা

শেষ পৃষ্ঠার পর

করে *প্রথম আলো*কে বলেন, সুনির্দিষ্ট ঘে
ছাড়াই আমরণ অনশন স্থগিত করায় এত কষ্টে
তোলা আন্দোলন বানচাল হয়ে গেল। হবিগ
অনশনকারী শিক্ষিকা রাশিদা আখতার শরবত
করতে গিয়ে কান্নাজড়িত কণ্ঠে বলেন, যে
আদায়ে জীবন দিতে চেয়েছিলাম, তা নেত
ব্যর্থতায় পূরণ হলো না।

প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব বিকেল
৪টায় অনশন ভাঙালেও আন্দোলনে অংশগ্রহণ
বেশির ভাগ শিক্ষক দাবি পূরণের সুস্পষ্ট ঘে
ছাড়া রাজধানীর মুক্তাঙ্গন না ছাড়ার ঘোষণা
হারিছ চৌধুরী আলোচনার মাধ্যমে দাবি পূ
আশ্বাস দিয়ে মুক্তাঙ্গন ছাড়ার পর পরই
শিক্ষকরা নেতাদের ওপর ক্ষিপ্ত হয়ে বিক্ষোভ
করেন। কেউবা হতাশ হয়ে কান্নায় ভেঙে প
রাতে শিক্ষক নেতারা প্রধানমন্ত্রীর কার্যালয়ে
রাজনৈতিক সচিবের সঙ্গে আলোচনা করেন।

সভার সিদ্ধান্ত সম্পর্কে বেসরকারি প্রা
শিক্ষক সমিতির সভাপতি সামসুল আলম
*আলো*কে জানান, প্রধানমন্ত্রীর রাজনৈতিক
আগামী সাত দিনের মধ্যে সরকারের
অনুযায়ী দাবি পূরণের আশ্বাস দিয়েছেন। এ
তিনি প্রধানমন্ত্রীর সঙ্গে বিষয়টি নিয়ে আলো
জন্য বৈঠকের ব্যবস্থা করবেন। এর মধ্যে
পূরণ না হলে আগামী ৯ জুন সংবাদ সম্মে
মাধ্যমে আবারও আমরণ অনশন শুরু কর